

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯০০

২০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ মহান আল্লাহ দুনিয়াতে দ্রুত শাস্তি দিয়ে বান্দার কল্যাণ সাধন করতে চান মর্মে বর্ণনা

ذِكْنُ الِاسْتِدْلَالِ عَلَى إِرَادَةِ اللَّهِ جَلَّ وَعَلَا خَيْرًا بِالْمُسْلِم بِتَعْجِيلِ عُقُوبته فِي الدُّنْيَا

## আরবী

2900 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُتَنَّى قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا عُونُسُ بْنُ عُبَيْدٍ عَنِ الْحَسَنِ عَنْ عَبْدِ اللَّهِ عَفَّانُ قَالَ: حَدَّثَنَا يُونُسُ بْنُ عُبَيْدٍ عَنِ الْحَسَنِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الْمُغَفَّلِ: أَنَّ رَجُلًا لَقِيَ امْرَأَةَ كَانَتْ بَغِيًّا فِي الْجَاهِلِيَّةِ فَجَعَلَ يُلَاعِبُهَا حَتَّى بَسَطَ يَدَهُ بْنِ الْمُغَفَّلِ: أَنَّ رَجُلًا لَقِيَ امْرَأَةَ كَانَتْ بَغِيًّا فِي الْجَاهِلِيَّةِ فَجَعَلَ يُلَاعِبُهَا حَتَّى بَسَطَ يَدَهُ إِلَيْهَا فَقَالَتْ: مَهْ فَإِنَّ اللَّهَ قَدْ أَذْهَبَ بِالشِّرْكِ وَجَاءَ بِالْإِسْلَامِ فَتَرَكَهَا وَوَلَّى فَجَعَلَ يَلْتَفِتُ إِلَيْهَا خَتَى أَصَابَ وجهه حَائِطًا ثُمَّ أَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالدَّمُ خَلْفُهُ وَيَنْظُرُ إِلَيْهَا حَتَّى أَصَابَ وجهه حَائِطًا ثُمَّ أَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالدَّمُ يَسِيلُ عَلَى وَجْهِهِ - فَأَخْبَرَهُ بِالْأَمْرِ فَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَنْتَ عَبْدٌ أَرَادَ اللَّهُ بِكَ يَسِيلُ عَلَى وَجْهِهِ - فَأَخْبَرَهُ بِالْأَمْرِ فَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَنْتَ عَبْدٌ أَرَادَ اللَّهُ بِكَ خَيْرًا) ثُمَّ قَالَ: (إِنَّ اللَّهَ جَلَّ وَعَلَا إِذَا أَرَادَ بِعَبْدٍ خَيْرًا عَجَّل عُقُوبَةَ ذَنْبِهِ وَإِذَا أَرَادَ اللَّهُ بِكَ شَرَّا أَمْسَكَ عَلَيْهِ وَلَا إِذَا أَرَادَ بِعَبْدٍ خَيْرًا عَجَّل عُقُوبَةَ ذَنْبِهِ وَإِذَا أَرَادَ بِعَبْدٍ خَيْرًا عَجَّلَ عُقُوبَةَ ذَنْبِهِ وَإِذَا أَرَادَ اللَّهُ بِكَ شَرَّا عَبُلَ عُلُولَ عَلَيْهِ وَلَا أَمْ مَلَكَ عَلَيْهِ وَلَا أَمْ مَلَى عَلَيْهُ وَلَا أَنْهَ عَلَيْهِ وَلِولَا أَرَادَ بِعَبْدٍ فَلَا أَكُونَا أَرَادَ بَعِبْدٍ عَلْمَا عَلَى اللَّهُ عَلَيْهِ وَلَوْمَ القيامة كأنه عائر)

الراوي: عَبْد اللَّهِ بْن الْمُغَفَّلِ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2900 ا خلاصة حكم المحدث: صحيح المرفوع منه، دون قوله: ((أنت عبد ... خيراً))، ودون القصة ـ ((الصحيحة)) (1220).

## বাংলা

২৯০০. আব্দুল্লাহ বিন মুগাক্ষ্ণাল রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "এক ব্যক্তি এক মহিলার সাথে সাক্ষাত করেন, যে মহিলা জাহেলী যুগে বেশ্যা ছিল। সেই ব্যক্তি ঐ মহিলার সাথে খেলছিল, অতঃপর সে ব্যক্তি ঐ মহিলার দিকে হাত বাড়ায়। তখন সেই মহিলা বলে, "থামো। নিশ্চয়ই আল্লাহ শিরকের অপসারণ করেছেন এবং ইসলাম নিয়ে এসেছেন।" অতঃপর সেই ব্যক্তি তাকে ছেড়ে পৃষ্ঠ প্রদর্শন করে চলে আসে। সে ব্যক্তি পিছনে সেই মহিলার দিকে তাকিয়ে দেখছিল (এবং পথ চলছিল), এভাবে এক পর্যায়ে তার চেহারা দেয়ালে ধাক্কা লাগে। তার মুখের উপর রক্ত প্রবাহিত হচ্ছিল, এমন অবস্থায় সে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে আসে



এবং তার সব বৃত্তান্ত বর্ণনা করেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "তুমি এমন বান্দা, মহান আল্লাহ তোমার কল্যাণ করার ইচ্ছা করেছেন।" তারপর তিনি বলেন, "যখন আল্লাহ কোন বান্দার কল্যাণ করতে চান, তখন তিনি তার পাপের শাস্তি তাড়াতাড়ি প্রদান করেন। আর যখন তিনি কোন বান্দার মন্দ চান, তখন তিনি তার পাপকে রেখে দেন। অতঃপর কিয়ামতের দিন তিনি পূর্ণ মাত্রায় তার পাপের প্রতিদান দিবেন, (সেসময় সেটা এতো বিশাল দেখা যাবে) যেন সেটা মদীনার আইর পাহাড়।"[1]

## ফুটনোট

[1] হাকিম: ১/৩৪৯; ইমাম বাইহাকী, আল আসমা ওয়াস সিফাত: ১৫৩-১৫৪; মুসনাদ আহমাদ: ৪/৮৭; হাইসামী, মাজমা'উয যাওয়াইদ: ১০/১৯১; তিরমিযী: ২৩৯৬।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সমার্থক বর্ণনা থাকার কারণে শক্তিশালী বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিতে মহিলার ঘটনা এবং "তুমি এমন বান্দা, মহান আল্লাহ তোমার কল্যাণ করার ইচ্ছা করেছেন" অংশটুকু বাদে বাকী মারফু' অংশকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১২২০)

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু মুগাফফাল (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন